

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
মাদ্রাসা শাখা-২
(www.tmed.gov.bd)

নং- ৫৭.০০.০০০০.০৮৫.০৮৫.৮৬.০১৬.১৫- ৭০

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ ১৪২৬ বঙ্গাব্দ
২৭ মে ২০১৯ খ্রিষ্টাব্দ

বিষয়: চাঁদপুর জেলার সদর উপজেলার দক্ষিণ দাসদী বোরহানুল উলুম দাখিল মাদ্রাসায় আলিম স্তরে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান।


সূত্র: অধ্যক্ষ, দক্ষিণ দাসদী বোরহানুল উলুম দাখিল মাদ্রাসা, সদর, চাঁদপুর এর নিকট হতে প্রাপ্ত আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত আবেদনের পরিপ্রেক্ষিতে চাঁদপুর জেলার সদর উপজেলাধীন দক্ষিণ দাসদী বোরহানুল উলুম দাখিল মাদ্রাসা-কে নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে আলিম স্তরে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান করা হলো।

শর্তসমূহ:

- (ক) এই কার্যক্রমে নিয়োগকৃত শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি সরকার বহন করবে না;
- (খ) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহন করতে হবে;
- (গ) এই কার্যক্রমে তার কোন অংশের জন্য এমপিও দাবী করা হবে না মর্মে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের নিকট প্রতিষ্ঠান কর্তৃক লিখিত অঙ্গীকারনামা দাখিল করতে হবে; এবং
- (ঘ) এ সংক্রান্ত অন্যান্য সকল শর্ত যথাযথভাবে পালন করতে হবে।

০২। উপরোক্ত শর্তাদি পালন/অনুসরণের বিষয়ে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড নিশ্চিতকরণপূর্বক এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(সৈয়দ আসগর আলী)
সহকারী সচিব (মাদ্রাসা-২)
ফোন: ৯৫৪৯৩৯৬

চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১।

অনুলিপি:

- ১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৫। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(তঁাকে প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
- ৬। অধ্যক্ষ, দক্ষিণ দাসদী বোরহানুল উলুম দাখিল মাদ্রাসা, বাবুরহাট, চাঁদপুর সদর, চাঁদপুর।
- ৭। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। অফিস নথি।